

# সিন্ধার্থ সিংহ

বড় বাঘ

বনবির পুজো দিয়ে নৌকায় চেপে বসল নব্যেন্দুরা। নৌকো করেই ওরা সুন্দরবন দেখবে। বাঘ দেখবে। যাচ্ছে তো যাচ্ছে, যাচ্ছে তো যাচ্ছে, যাচ্ছে তো যাচ্ছেই। মাঝি গল্প করছিলেন, কবে কোথায় কার রান্নাঘরে বাঘ ঢুকে পড়েছিল। কবে সাঁতারে এসে পেছন থেকে চুপিচুপি নৌকায় উঠে কাকে টেনে নিয়ে গিয়েছিল বাঘে। সেটা দেখে কী ভাবে ঝাঁপিয়ে পড়েছিল হালিমচাচা। হেঁসেলের কোনে কোনে কেমন লাল রঙে তুলেছিল মাতলার জল। কী করে বাঘের মুখ থেকে ছিনিয়ে এনেছিল তাকে।

নব্যেন্দুরা দেখছিল, গাছে গাছে হনুমান। নদীর চরে কী সব খুঁটে খুঁটে খাচ্ছে ইয়া বড় বড় মুরগি, দু-একটা সাপকে দেখল এদিক ওদিক। কিন্তু বাঘ কোথায়?

মাঝি বলল, আপনি যখন বাঘ দ্যাখবেন, তার আগে বাঘ আপনারে দ্যাখি ফ্যালবে। বাঘ দ্যাখা বড় ভাগিয়ার ব্যাপার। তার চে' বরং চলেন, বাঘের থিক্কাও বড় বাঘ যারা, তাদের দ্যাখাইয়া আনি। বলেই নৌকা ভেড়াল ঘাটে। সেখানে গিজগিজ করছে লোক। মাঝি বলল, রাতির অন্ধকারে নদী সাঁতরাইয়া ওরা ইপারে আইছিল। এহন ইখানেই থাকে। রেশন কার্ড হইয়া গ্যাছে। ভুট দেয়।

নব্যেন্দু বলল, ধুত, ওরা তো মানুষ।

মাঝি বলল, যারা বাঘ খেদাইয়া, বাঘের জায়গা দখল করসে, তারা কি বাঘের থিক্কাও বড় বাঘ নয়? কী কন আপনি?